আজাদ

20/11/82

3 7

033

প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# বাংলা ভাষার মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণের উপর গুরুত্ব আরোপ

শিক্ষা ও ধর্ম বিষয়কমন্ত্রী ডঃ আবদুল মজিদ খান ছাত্রদের মাতৃভাষার মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য বাংলা ভাষায় রচিত প্রচুর সংখ্যক বইয়ের প্রাপ্যতার প্রয়োজনীয়তার উপর বিশেষ গুরুত্বারোপ করিয়াছেন।

বাংলা ভাষার মাধ্যমে শিক্ষা ও গবেষণার প্রয়োজনীয়তার উল্লেখ করিয়া ডঃ খান বলেন, শিক্ষার উচ্চ পর্যায়ে বাংলা ভাষায় রচিত বই-এর অভাবের কারণে ছাত্ররা বাংলার মাধ্যমে শিক্ষা গ্রহণে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হইতেছে।

নবম ও দশম শ্রেণীর বাংলা ও বিজ্ঞান-বিষয়ক পাঠ্যপুস্তকের ১৪ দিনব্যাপী ট্রেনিং কোর্সের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে মন্ত্রী বলেন, জাতীয় জীবনের সর্বক্ষেত্রে বাংলাভাষা ব্যবহারের জন্য এপর্যন্ত উল্লেখযোগ্য কোন পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। তিনি বলেন, আদেশ ও নির্দেশের মাধ্যম এবং রাষ্ট্রভাষা বাংলা হওয়া সত্ত্বেও মাতৃভাষাকে যথাযথ ব্যবহারের প্রচুর সুযোগ এখনও আমাদের অজ্ঞাত রহিয়াছে।

গত বৃহস্পতিবার ঢাকায় শিক্ষা প্রশাসন ও গবেষণা সংক্রান্ত জাতীয় ইনস্টিটিউটে আয়োজিত উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোজাম্মেল হক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ভাষণ দেন উচ্চ শিক্ষার কথা মহাপরিচালক ব্রিগেডিয়ার আমিনুল ইসলাম।

দেশের সর্বমোট ১২ জন বাংলা ও ৫৭ জন বিজ্ঞান শিক্ষক উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করেন।

—বাসস।